দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচারপত্র নং- ৪৯/২০২৬ তারিখ: ১১/০৮/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যদের প্রতি,

**বিএসটিআই ভবনস্থ কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম কার্যালয়ে**
**চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের সার্ভিস সেন্টার স্থাপন**

এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, নবসৃষ্ঠ কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এ আমদানি-রপ্তানি কার্যক্রম পূর্ণোদ্যমে শুরু হয়েছে। বর্তমানে কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর প্রশাসনিক ও দাপ্তরিক কার্যক্রম আগ্রাবাদস্থ বিএসটিআই ভবনের ৭ম তলা থেকে পরিচালিত হচ্ছে।

কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এ আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্ট ও তাঁদের প্রতিনিধিদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে বিএসটিআই ভবনের ৭ম তলার ৭১৩ নম্বর কক্ষে এসোসিয়েশনের সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে।

উক্ত সার্ভিস সেন্টার থেকে কল্যাণ তহবিল ফি গ্রহণ, বিল অব এন্ট্রি'র অ্যাসেসমেন্ট নোটিশ প্রিন্ট ও ফটোস্ট্যাট সেবা প্রদান করা হবে।

সম্মানিত সদস্যবৃন্দ কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এ আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা ও সেবা গ্রহণে কোনো সমস্যার সম্মুখীন হলে তা এসোসিয়েশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**মো: শওকত আলী**
সাধারণ সম্পাদক